দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 21 SEPTEMBER 2025 ,SUNDAY | ২১ সেপ্টেম্বর ২০২৫ ,রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-400

## বিভিন্ন দল থেকে এক হাজার মানুষ যোগ দিলেন জাতীয় কংগ্রেসে




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২০ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলার বহরমপুরে জাতীয় কংগ্রেসের কার্যালয়ে শনিবার আয়োজিত হয় যোগদান কর্মসূচি। এদিনের যোগদান কর্মসূচিতে বিভিন্ন রাজনৈতিক দলের এক হাজার সমর্থক জাতীয় কংগ্রেসে যোগ দান করেন বলে দাবী মুর্শিদাবাদ জেলা কংগ্রেস কমিটির। এদিন দলের সর্ব ভারতীয় কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য তথা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী যোগদানকারীদের হাতে জাতীয় কংগ্রেসের পতাকা তুলে দেন ও তাদের দলে স্বাগত জানান। প্রাক্তন মন্ত্রী ও বর্তমান জেলা কংগ্রেস সভাপতি মনোজ চক্রবর্তী ও কংগ্রেস নেতা জানান এদিন ফারাক্কা থেকে বেশ কয়েকজন সমাজসেবি বহরমপুরে এই যোগদান সভায় এসে জাতীয় কংগ্রেসে যোগ দিয়েছেন। তাদের মধ্যে অন্যতম হলেন সমাজসেবি মাহতাব শেখ। মনোজবাবু আরও জানান এই যোগদানের ফলে জেলায় কংগ্রেস দলের শক্তি বৃদ্ধি পেলো।

## উদ্ধার এক হাজার বোতল নিষিদ্ধ কফ সিরাপ, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ২০ সেপ্টেম্বর : মালদহ জেলা পুলিশের ইংরেজবাজার থানার ক্রাইম মনিটরিং গ্রুপ ও স্পেশাল অপারেশন গ্রুপ শনিবার দুপুরে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে একটি ছোট চারচাকার গাড়ি সহ আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আট গাড়ী থেকে উদ্ধার হয় পাঁচটি সাদা রঙের প্লাস্টিকের বস্তায় ভর্তি এক হাজার বোতল নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডিল। আটক দুই জনকে গ্রেপ্তার করে পুলিশ। গাড়ি সহ উদ্ধার করা নিষিদ্ধ কফ সিরাপ বাজেয়াপ্ত করা হয়। ধৃতদের নাম মোয়াজ্জেম হোসেন (৩৫)ও হাপিউর রহমান (২৪),দুজনেই মালদহ জেলার কালিয়াচক থানা এলাকার বাসিন্দা। পুলিশ সূত্রে জানানো হয় গ্রেপ্তারি সহ সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে। পরবর্তী পর্যায়ের তদন্ত চালানোর জন্য পুলিশ ধৃতদের রিমান্ডে নেবার আবেদন জানালে আদালত তা মঞ্জুর করে। ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

## সাফাই অভিযানে বিধায়ক শিখা চ্যাটার্জি




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২০ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পঁচাত্তরতম জন্ম দিন উপলক্ষ্যে শিলিগুড়ি লাগোয়া ফুলবাড়িতে সাফাই অভিযান চালান বিজেপি কর্মী সমর্থকরা। এদিন ডাবগ্রাম ফুলবাড়ির বিধায়ক শিখা চ্যাটার্জি এই অভিযানে নেতৃত্ব দেন। তিনি জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে সাতদিনব্যাপী দেশ জুড়ে পালিত হবে সেবা সপ্তাহ। বিজেপি কর্মী সমর্থকরা সেবা সপ্তাহ বাদেও মাঝে মাঝেই বিভিন্ন স্থানে সাফাই অভিযান করেন। কারন স্বচ্ছ ভারত গঠন প্রধানমন্ত্রীর স্বপ্ন। এদিন সেভাবেই তারা ফুলবাড়িতে সাফাই অভিযান চালান। স্থানীয় একটি মন্দির থেকে এদিনের সাফাই অভিযান শুরু করে এলাকার বিভিন্ন স্থানে সাফাই করা হয়।

## পুজোর মুখে শ্রমিকদের পাক্ষিক মজুরি বকেয়া রেখে ও বোনাস না দিয়ে বাগান বন্ধ করে চলে গেলো মালিকপক্ষ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২০ সেপ্টেম্বর : পুজোর মুখে শ্রমিকদের পাক্ষিক মজুরি বকেয়া রেখে ও বোনাস না দিয়ে শুক্রবার রাতের অন্ধকারে চা বাগান ছেড়ে চলে গেলো মালিকপক্ষ, ফলে বিপাকে পড়েছেন শ্রমিকরা। ঘটনা আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার কোহিনূর চা বাগানের। জানা গেছে বাগানের শ্রমিকরা কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে বিগত কয়েকদিন ধরেই লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছিলেন। কিন্তু চা বাগানের মালিকপক্ষ জানান কোহিনূর চা বাগান একটি রুগ্ন বাগান। রুগ্ন চা বাগানের পক্ষে কুড়ি পার্সেন্ট বোনাস দেওয়া সম্ভব নয়। চা বাগান কর্তৃপক্ষ নয় পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী আছেন। কিন্তু শ্রমিকদের দাবি রাজ্য সরকারের ঘোষণা অনুসারে কুড়ি পার্সেন্ট হারেই বোনাস দিতে হবে এই পরিস্থিতিতে চা বাগান ছেড়ে চলে যান মালিকপক্ষ। শনিবার সকালে কাজে এসে ফ্যাক্টরি ও ম্যানেজারের অফিস সহ বাংলোতে তালা ঝুলছে দেখে শ্রমিকদের বুঝতে দেরি হয়না যে বাগান বন্ধ করে দিয়ে মালিকপক্ষ চলে গিয়েছেন। এটা বুঝতে পেরে হতাশায় ভেঙ্গে পড়েন শ্রমিকরা। তারা এখন তাকিয়ে আছেন প্রশাসনের কর্তাদের দিকে।

# প্রতারকের ফাঁদে শিক্ষারত্ন প্রাপ্ত শিক্ষক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : ভিডিও কল রিসিভ করার পরেই কাল হয়ে দাঁড়ালো আলিপুরদুয়ার দুই ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের মজিদখানা হাই স্কুলের শিক্ষক উজ্জ্বল সাহার। ভিডিও কল রিসিভ করার পরই মোবাইল হ্যাং হয়ে যায় আর এরপরেই তার অ্যাকাউন্টে থাকা এক লক্ষ টাকা উধাও হয়ে যায়। গত এক বছর আগে তিনি শিক্ষারত্ন পুরস্কার পেয়েছিলেন। শিক্ষারত্ন পুরস্কার প্রাপ্ত শিক্ষক প্রতারিত হয়ে আলিপুরদুয়ার সাইবার ক্রাইমে অভিযোগ দায়ের করলেন শনিবার বিকেল পাঁচটা নাগাদ। বিদ্যুৎ দপ্তর অফিসে অভিযোগ করেছিলেন মৌখিকভাবে তার বাড়ির বিদ্যুৎ বিল বেশি এসেছে তাই নিয়ে। শনিবার তিনি ক্লাসে থাকাকালীন তার একটি ভিডিও কল আসে বিদ্যুৎ দপ্তর থেকে । আর এরপরেই মোবাইলটি হ্যাং হয়ে যায়। পরবর্তীতে দেখা যায় তার একাউন্টে থাকা এক লক্ষ টাকা উধাও হয়ে গেছে। প্রশ্ন উঠেছে বিদ্যুৎ দপ্তরে তিনি মৌখিক অভিযোগ করেছিলেন। তাহলে এই প্রতারণার সঙ্গে বিদ্যুৎ দপ্তরের কোন কর্মীর যোগাযোগ রয়েছে কি ? পুলিশ অভিযোগের তদন্তের আশ্বাস দিয়েছে।

# মেয়েকে যৌন হেনস্তার অভিযোগে গ্রেফতার বাবা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : নিজের মেয়েকে যৌন হেনস্থার অভিযোগে গ্রেফতার করা হয়েছে তার বাবাকে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়। অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠালে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশ সূত্রে শনিবার বিকেলে ।মেয়ের প্রতি যৌন হেনস্থা এবং কুনজর পড়ায় নাবালিকা মেয়ের মা মেয়ের বাবার বিরুদ্ধে শামুকতলা থানায় লিখিত অভিযোগ দায়ের করে শুক্রবার রাতে। লিখিত অভিযোগের পরেই শুক্রবার গভীর রাতেই তাকে গ্রেফতার করা হয়। শনিবার বেলা দুটা নাগাদ তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে পুলিশ। বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন জানা গেছে পুলিশ সূত্রে। অভিযুক্ত ব্যক্তির বাড়ি শামুকতলা থানা এলাকাতেই।

# বোনাসের দাবিতে তালাবন্দী চা বাগানের ম্যানেজার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : বোনাসের দাবিতে কালচিনি ব্লকের চিঞ্চুলা চা বাগানে শ্রমিক আন্দোলন শুরু হয়েছে। চা বাগানের ম্যানেজারকে অফিসের ভেতরে তালাবন্ধ করে শ্রমিকরা বিক্ষোভ দেখায় প্রায় তিন ঘণ্টা ধরে তালাবন্দী করে রাখে শ্রমিকরা। গতকাল থেকে চিঞ্চুলা চা বাগানে চলছে শ্রমিক আন্দোলন। আগামীকাল মহালয়া পুজো চলে এসেছে কিন্তু ডুয়ার্সের অনেক চা বাগানে এখন পর্যন্ত বোনাস পায়নি শ্রমিকরা। আর এই বোনাসের দাবিতে ডুয়ার্সের বিভিন্ন চা বাগানে চলছে শ্রমিক আন্দোলন। এদিন সকালেও ডুয়ার্সের বীরপাড়া, গ্যারগাণ্ডা, ধুমচিপাড়া সহ একাধিক চা বাগানে শ্রমিকরা বোনাসের দাবিতে গেট মিটিং এ সামিল হয়।

# স্কুলের মাঠ দখল নিয়ে পুলিশের কাছে অভিযোগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : স্কুলের মাঠ দখলের অভিযোগ তুলে পুলিশের দ্বারস্থ হয়েছে স্কুলের ছাত্র থেকে শুরু করে এলাকার একদল যুবক। শামুকতলা থানার পুলিশের কাছে বিষয়টি জানানোর পরেই উত্তর মহাকালগুড়ি এলাকায় ঘটনার তদন্তে যায় শামুকতলা থানার পুলিশ শনিবার বিকেল পাঁচটা নাগাদ। শিশুর যখন প্রথম পাঠ , চাই তার খেলার মাঠ। আর স্কুল চলাকালীন সেই মাঠ দখল হয়ে যাচ্ছে এলাকার বাসিন্দাদের পক্ষ থেকে। গত ২৭ শে আগস্ট উত্তর মহাকালগুড়ি প্রাথমিক বিদ্যালয়ে ভি এইচ ই কমিটি সহ এলাকার বাসিন্দাদের উপস্থিতিতে স্কুলের মাঠে ব্যক্তিগত ভাবে ব্যবহার করা নিয়ে একটি সভা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী স্কুলের মাঠ ব্যক্তিগত ভাবে ব্যবহার করা যাবে না এমন কি স্কুলের মাঠে ছাগল গরু বাঁধা নিষিদ্ধ এমনটাও সিদ্ধান্ত হয়। এক মাস অতিক্রান্ত হওয়ার আগেই সভায় উপস্থিত সকলকে বুড়ো আঙ্গুল দেখিয়ে বহাল তবিয়তে স্কুল চলাকালীন মাঠে গরু ছাগল বেঁধে পাট শুকোচ্ছেন এলাকার কৃষকরা। শনিবার বিষয়টি নিয়ে এলাকার যুবকেরা পুলিশের দ্বারস্থ হয়েছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। আগামী দিনের স্কুলের মাঠ ব্যক্তিগত ভাবে স্কুল চলাকালীন ব্যবহার করলে মামলা করার কথাও জানিয়েছে পুলিশ।

# আলিপুরদুয়ার জংশনে উচ্ছেদ অভিযান শুরু হলো




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ২০ সেপ্টেম্বর : দুর্গাপূজার আর মাত্র ৭ দিন বাকি এরই মধ্যে আলিপুরদুয়ার জংশন এলাকায় উচ্ছেদ অভিযান শুরু হয়েছে। দুর্গাপূজার প্রাক্কালে উচ্ছেদ শুরু হলো আলিপুরদুয়ার জেলা শহরের জংশন এলাকায়। উচ্ছেদের ফলে ব্যবসায়ীরা হতাশ হয়ে গেছেন শনিবার আলিপুরদুয়ার জংশন রেলওয়ে এলাকায়। এয়নটাই জানা গেছে শনিবার বেলা সাড়ে বারোটা নাগাদ। ফুটপাত দোকান উচ্ছেদ করল রেল কর্তারা কারণ এই ফুটপাতে দোকানের জন্য যানজট তৈরি হয়। এর ফলেই যানজট তৈরি হচ্ছে।

# কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে কাজ বন্ধ সাইলি চা বাগানে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২০ সেপ্টেম্বর : জলপাইগুড়ি জেলার সাইলি চা বাগানের শ্রমিকরা কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে শনিবার থেকে কাজ বন্ধ করে দিলেন। জানা গেছে কয়েকদিন ধরেই শ্রমিকরা কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে চা বাগানে গেট মিটিং করে বিক্ষোভ প্রদর্শন করছিলেন। আচমকাই শুক্রবার তারা লক্ষ্য করেন তাদের একাউন্টে পনেরো পার্সেন্ট হারে বোনাসের টাকা ঢুকেছে। এতেই ক্ষুব্ধ হয়ে ওঠেন শ্রমিকরা। তারা শনিবার সকাল থেকে সমস্ত কাজ বন্ধ করে দিয়ে চা বাগান ফ্যাক্টরির সামনে বিক্ষোভ প্রদর্শন শুরু করেন। তারা জানান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর ঘোষনা অনুযায়ী কুড়ি পার্সেন্ট বোনাস দিতেই হবে। পনেরো পার্সেন্ট হারে বোনাস তারা মানবেননা। যতদিন তাদের দাবি পুরন না হবে ততদিন কাজ বন্ধ থাকবে। এ বিষয়ে চা বাগান কর্তৃপক্ষের বক্তব্য পাওয়া যায়নি।

# গ্যাস সিলিন্ডার ভর্তি ট্রাক উল্টে গেল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেল মাদারিহাট বাসী। এদিন সকালে আলিপুরদুয়ার জেলার মাদারিহাট এশিয়ান হাইওয়েতে একটি গ্যাস সিলেণ্ডার বোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের ধারে নয়নজুলিতে পড়ে যায়। ট্রাকের ভেতরে থাকা গ্যাস সিলেণ্ডার গুলো সব ভর্তি ছিল। ঘটনাস্থলে মাদারিহাট পুলিশ ও বীরপাড়া থেকে একটি দমকলের ইঞ্জিন পৌঁছেছে।

# উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২০ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও চার রাউন্ড গুলি। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়। পুলিশ সূত্রে জানানো হয় তদন্তের স্বার্থে ধৃতের নাম ঠিকানা গোপন রাখা হয়েছে। পুলিশ উদ্ধার করা আগ্নেয়াস্ত্র ও গুলি বাজেয়াপ্ত করেছে ও পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# চুয়াপাড়া চা বাগান থেকে উদ্ধার চিতাবাঘের মৃতদেহ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২০ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের চুয়াপাড়া চা বাগানে শনিবার সকালে উদ্ধার হয় একটি চিতাবাঘের মৃতদেহ। জানা গেছে এদিন সকালে চা বাগানের শ্রমিকরা কাজে যাবার সময় চা বাগানের ঝোপে চিতাবাঘটিকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখেন। তারা খবর দেন বন দপ্তরের হ্যামিল্টনগঞ্জ রেঞ্জে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান হ্যামিল্টনগঞ্জ রেঞ্জের কর্মীরা ও চিতাবাঘের মৃতদেহটি উদ্ধার করে নিয়ে আসেন। তারা জানান এটি একটি মাঝবয়েসী মাদী চিতাবাঘ। দেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পেলেই মৃত্যুর সঠিক কারন জানা যাবে বলে বন কর্মীরা মন্তব্য করেন।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |